

তারিখ : 114. MAY. 2016...
পৃষ্ঠা ... ৬ ... কলাম... ১ ...

সংবাদ

সরকার প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকেও ডিজিটালাইজ করছে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

জেলা বার্তা পরিবেশক, ঠাকুরগাঁও

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোতাফিজুর রহমান বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনিমাণের অংশ হিসেবে শিক্ষা কার্যক্রমকেও ডিজিটালাইজ করছে সরকার। এর শিক্ষা ব্যবস্থা ও শিক্ষা যোগাযোগে বৈঘনিক পরিবর্তন সাধিত হবে। আর প্রাথমিক শিক্ষা অধিদফতরে ফাইনাসিয়াল ম্যানেজমেন্ট ওয়েব সফটওয়ারের ব্যবহার শুরু করার ফলে এ বিভাগের আর্থিক হিসেবে ব্যচ্ছিতা ও ঝুঁঝিতা আসবে। এ বিভাগের পুরোনো হিসেবে ব্যবস্থা অনেক ক্রমাগত ও দুর্বলতা ছিল। যার এখন ওয়েব বেসড কম্পিউটারাইজেট আভান্দ ওয়েব বেসড অ্যাকাউন্টিং সিস্টেম-এর মাধ্যমে দূরীভূত হবে বলেও আশা প্রকাশ করেন তিনি। গতকাল সকালে ঠাকুরগাঁও জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ঠাকুরগাঁও জেলা শিক্ষা অফিস আয়োজিত তৃতীয় প্রাথমিক শিক্ষা কর্মসূচি পিইডিপি-৩-এর আওতায় ফাইনাসিয়াল ম্যানেজমেন্ট আভান্দ ওয়েব বেসড কম্পিউটারাইজেট অ্যাকাউন্টিং সিস্টেম বিষয়ক। দু'দিনব্যাচী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, ২০২১ সালের মধ্যে দেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন আসবে। সে জন্য বর্তমান সরকার প্রাথমিক শিক্ষার উন্নয়নে নানামূল্যী আসবে। এই পদক্ষেপগুলো দেশের শিক্ষা তথ্য প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাচ্ছে সামনের দিকে।

মন্ত্রী আরও বলেন, আগামীতে প্রাথমিকে আরও আধুনিক যুগোপযুগি ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা করবে সরকার। তবে এ শিক্ষা ব্যবস্থা বাস্তবায়নে নিষ্ঠা, একাধিতা ও দায়িত্ববোধ নিয়ে সকলকে কাজ করতে হবে। এ সময় প্রাথমিক শিক্ষার উন্নয়নে সরকারি কর্মকর্তা, শিক্ষক, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান মন্ত্রী।

এতে বিশেষ অভিপ্রেত ছিলেন পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কীয় সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও সংসদ সদস্য রমেশ চন্দ্র সেন এমপি। সংবরক্ষত মহিলা আসনের সংসদ সদস্য সেলিমা জাহান লিটা ও প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিচালক ও যুগ্ম সচিব আবদুর রউফ। এ উপরক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে ঠাকুরগাঁও জেলা প্রশাসক মকেশ চন্দ্র বিধায়সের সভাপতিত্বে বজ্র্য রাখেন প্রাথমিক শিক্ষা অধিদফতরের বিভাগীয় উপ-পরিচালক মেহের এলাহী, এ বিভাগের ঠাকুরগাঁও জেলা উপ-পরিচালক নবী হোসেন তালুকদার ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হারেম।